# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৫৮৭

তারিখ ঃ ১৫/০৬/২০২১ইং

# নিয়োগ বিজ্ঞপ্তি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য **স্থায়ী** ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| (১) নার্স<br>(১৬০০০-৩৮৬৪০)<br>(গ্রেড-১০) | ০২টি | প্রার্থীকে অবশ্যই সরকারি নার্সিং ইনস্টিটিউট/কলেজ হতে ০৩(তিন)/০৪(চার) বছর মেয়াদী নার্সিং-এ ডিপ্লোমা ডিগ্রিধারী অথবা নার্সিং সায়েন্স-এ স্নাতক ডিগ্রিধারী হতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড গ্রহণযোগ্য হবে না। প্রার্থীকে নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশনভুক্ত হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর। |
| (২) নেটওয়ার্ক টেকনিশিয়ান<br>(১১০০০-২৬৫৯০) (গ্রেড-১৩) | ০১টি | **Qualification:**<br>• HSC OR Equivalent.<br>• Should have at least second division in all examination, Age upto 30 years.<br>**Experience:**<br>• Basic computer skills (Word, Excel, Internet etc.)<br>• 3-4 years of practical experience in a recognized organization concerning ICT.<br>• Expertise in maintenance of computer and secretarial work will be preferable. |
| (৩) কম্পাউন্ডার<br>(৯৭০০-২৩৪৯০) (গ্রেড-১৫) | ০১টি | স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে প্যারামেডিক্সে ডিপ্লোমা ডিগ্রিধারী হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর। |
| (৪) অফিস সহকারী<br>৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০১টি | প্রার্থীকে অবশ্যই স্নাতক/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর। |

**শর্তাবলী ঃ**

১) **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ০৪/০৭/২০২১ ইং।** সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা, বরাবরে উক্ত তারিখের (**০৪/০৭/২০২১ ইং**) মধ্যে কার্যদিবসে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌঁছাতে হবে। **উল্লেখ্য, এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসমূহের আবেদনের শেষ তারিখ পর্যন্ত বা তারপরও সরকারি সিদ্ধান্ত অনুযায়ী যদি লকডাউন জারি থাকে সেক্ষেত্রে লকডাউন যতদিন থাকবে ততদিন এবং তার সাথে আরো ০৭(সাত) দিন পর্যন্ত আবেদনের সময়সীমা বিদ্যমান থাকবে।**

২) আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট (www.pust.ac.bd)-এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে ঃ
**(ক)** সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি **(খ)** শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি **(গ)** জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি **(ঘ)** অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) **(ঙ)** প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) **(চ)** ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৩) **(ক)** সকল পদের প্রার্থীদের জন্য ০৮ (আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
**(খ)** মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৪) এই বিশ্ববিদ্যালয়ে স্বপদে/সমমানের পদে কর্মরত কর্মকর্তা প্রার্থীদের ক্ষেত্রে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স এর যে কোন একটি শর্ত শিথিলযোগ্য হবে এবং এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত চুক্তিভিত্তিক প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর।

৫) কর্মকর্তা পদে (গ্রেড-১০) আবেদনের বেলায় গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে প্রথম শ্রেণির সমমান বলতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর ক্ষেত্রে জিপিএ/ সিজিপিএ ৫.০০ এর জন্য কমপক্ষে ৩.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ৩.০০ বুঝাবে এবং দ্বিতীয় শ্রেণির সমমান বলতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর ক্ষেত্রে জিপিএ/সিজিপিএ ৫.০০ এর জন্য ২.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/ সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ২.২৫ বুঝাবে। নিয়োগের ক্ষেত্রে শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড (৫.০০ এর মধ্যে ২.৫০ এবং ৪.০০ এর মধ্যে ২.২৫) এর নিচে গ্রহণযোগ্য হবে না এবং বিদেশি ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি কর্তৃক সমতুল্য সনদ থাকতে হবে/বিশ্ববিদ্যালয় সমতুল্য সনদ (Equivalence committee) কর্তৃক সুপারিশকৃত হতে হবে।

৬) কর্মচারী পদে (গ্রেড-১৩-১৬) আবেদনের ক্ষেত্রে এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স এর যে কোন একটি শর্ত শিথিলযোগ্য এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগ বিধিতে বর্ণিত নিয়োগ শর্তাবলী শিথিলযোগ্য হবে।

৭) চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৯) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০) প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।

১১) প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/মৌখিক পরীক্ষা/জবটেস্ট এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২) **পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**-এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে ০১ নং পদের প্রার্থীদের ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং ০২-০৪ নং পদের প্রার্থীদের ৩০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১৩) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।
অধিকতর যোগ্যতাসম্পন্ন/বিভাগীয় প্রার্থী/পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)**
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।

ডিজি-১২৮৮/২১ (১০″×৪)